# 154215 - মৃতব্যক্তরি জন্য কাঁদা জায়যে; বলিাপ করা হারাম

প্রশ্ন

মৃতব্যক্তরি জন্য কাঁদার হুকুম কী; যদি এ কান্নার সাথে গালে চপটোঘাত করা ও জামাকাপড় ছড়ো যুক্ত হয়; বশিষেতঃ কছিু নারীদরে পক্ষ থকে?

প্রয়ি উত্তর

আলহামদু লল্লিাহ।.

মৃতব্যক্তরি জন্য কাঁদা জায়যে; যদি এর সাথে বলিাপ , গালে চপটোঘাত করা...যুক্ত না হয়। কনেনা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর ময়েে যয়নব (রাঃ)-এর ছলেরে মৃত্যুতে কদেঁছেনে। যমেনটি সহহি বুখারীতে (১২৮৪) উসামা (রাঃ) থকে বর্ণতি হয়ছে যে, তনিি বলনে: "একবার আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামরে কাছে ছলিাম। ইতোমধ্যে তাঁর এক ময়েরে পক্ষ থকে তাঁর কাছে লোক আসল; তার ছলেে মারা যাচ্ছনে। এজন্য তাঁকে ডাকার জন্য পাঠয়িছেনে...। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উঠে গলেনে, তাঁর সাথে সাদ বনি উবাদা ও মুআয বনি জাবালও উঠে গলেনে। তখন শশিুটকিে তাঁর কাছে দয়ো হলো। সে সময় শশিুটরি প্রাণ ছটপট করছলি; যনে সটেি পানরি মশকরে ভতের। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামরে চক্ষুদ্বয় অশ্রু সক্তি হল। তা দখেে সাদ বললনে: ইয়া রাসূলুল্লাহ্! এটি কী? তনিি বললনে: এটি রহমত; যা আল্লাহ্ তাঁর বান্দাদরে মনে সৃষ্টি করছেনে। আল্লাহ্ তাঁর বান্দাদরে মধ্যে কবেল দয়াবানদরে প্রতি দয়া করনে।"

আবু হুরায়রা (রাঃ) থকে বর্ণতি আছে যে, তনিি বলনে: 'নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর মায়রে কবর যয়িারত করে কাঁদলনে এবং তাঁর পাশে যারা ছলি তাদরেকওে কাঁদালনে। এরপর বললনে: আমি আমার প্রভুর কাছে অনুমতি চয়েছেি মায়রে জন্য ক্ষমা প্রার্থনা করার; কন্তিু তনিি অনুমতি দনেনেি। তখন আমি তাঁর কবর যয়িারত করার অনুমতি চয়েছেি। তনিি আমাকে সে অনুমতি দয়িছেনে।'[সহহি মুসলমি (৯৭৬)]

যদি কান্নার সাথে গালে চপটোঘাত করা, জামাকাপড় ছড়ো ও আল্লাহ্র তাকদীররে প্রতি অসন্তুষ্টি যুক্ত হয়; তাহলে সটেি নাজায়যে। যহেতেু আব্দুল্লাহ বনি মাসউদ (রাঃ) বর্ণনা করছেনে যে, তনিি বলনে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেনে: 'যে ব্যক্তি গালে চপটোঘাত কর, জামাকাপড় ছড়িে এবং জাহলেী যামানার আর্তনাদ করে সে আমাদরে দলভুক্ত নয়।'[সহহি বুখারী (১২৯৪)]

নববী (রহঃ) বলনে:

“মর্সয়িা-ক্রন্দন, বলিাপ করা, গালে চড় মারা, জামাকাপড় ছড়িে ফেলা, চেহারাতে খামচি মারা, চুল ছেড়া ও হায়হুতাশ করে আর্তনাদ করা; এই সবকছিু মাযহাবরে আলমেদরে সর্বসম্মতক্রিমে হারাম। জমহুর আলমে স্পষ্টভাবে হারাম বলছেনে...। একদল আলমে হারাম হওয়ার মর্মে ইজমা উদ্ধৃত করছেনে।”[শারহুল মুহায্যাব (৫/২৮১) থকেে সমাপ্ত]

ইবনে আব্দুল বার্র বলনে:

“নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামরে বাণী: فإذا وجب فلا تبكين باكية (যদি অবধারতি হয়ে যায়; তাহলে ক্রন্দনকারনিী হবে না)। এখানে অবধারতি হওয়া দ্বারা উদ্দশ্যে মৃত্যু। অর্থ হচ্ছে: (আল্লাহ্ই সর্বজ্ঞ) মৃত্যুর পর চৎিকার ও বলিাপরে কোন কছিু জায়যে নয়। তবে অশ্রু-বর্জিসন ও অন্তর ভারাক্রান্ত হওয়া বধৈ হওয়ার পক্ষে সাব্যস্ত হাদসি রয়ছেে এবং একদল আলমে এর পক্ষে রয়ছেনে।”[আল-ইসতযিকার (৩/৬৭) থকেে সমাপ্ত]

শাইখ বনি বায (রহঃ) বলনে:

“মুসলমানদরে উপর আবশ্যকীয় এসব ক্ষত্রেে ধর্যৈ ধারণ করা ও সওয়াব প্রাপ্তরি নয়িত করা; বলিাপ না করা, জামাকাপড় না ছেড়া, গালে চপটোঘাত না করা ইত্যাদি। যহেতেু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেনে: ‘যে ব্যক্তি গালে চপটোঘাত করে, জামাকাপড় ছড়িে এবং জাহলেী যামানার আর্তনাদ করে সে আমাদরে দলভুক্ত নয়।’ যহেতেু তনিি সহহি হাদসিে আরও বলছেনে: ‘আমার উম্মতরে মধ্যে জাহলেী যামানার চারটি বষিয় রয়ছেে; যগেুলো তারা ত্যাগ করবে না: আত্মগুণ নয়িে অহংকার করা, বংশরে উপর কালমিলিপেন করা, নক্ষত্ররে মাধ্যমে বৃষ্টি প্রার্থনা এবং মৃতরে জন্য বলিাপ করা।

যহেতেু তনিি আরও বলছেনে: “যদি বলিাপকারনিী নারী মৃত্যুর পূর্বে তাওবা না করে তাহলে তাকে এমন অবস্থায় তোলা হবে যে, তার গায়ে থাকবে আলকাতরার জামা এবং অভ্যন্তরীণ জামা হবে (তথা চামড়া হবে) খোসপাঁচড়ার।’[সহহি মুসলমি]

নয়িাহা (বলিাপ) দ্বারা উদ্দশ্যে হচ্ছে: উচ্চস্বরে মৃতরে জন্য ক্রন্দন করা। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরও বলনে: ‘আমি প্রত্যকে উচ্চস্বরে ক্রন্দনকারনিী, মাথা-মুণ্ডণকারনিী ও জামা-ছনি্নকারনিী থকেে মুক্ত”। ‘মাথা-মুণ্ডণকারনিী” দ্বারা উদ্দশ্যে হচ্ছে- যে নারী মুসবিতরে সময় মাথার চুল ফলেে দয়ে কংিবা টনেে তুলে ফলে। ‘জামা-ছনি্নকারনিী” দ্বারা উদ্দশ্যে হচ্ছে- যে নারী বপিদরে সময় গায়রে জামা ছড়িে ফলে। আর ‘উচ্চস্বরে ক্রন্দনকারনিী” দ্বারা উদ্দশ্যে হচ্ছে- যে নারী মুসবিতরে সময় কণ্ঠস্বরকে উঁচু কর।ে এর প্রত্যকেটি অধর্যৈরে বহঃিপ্রকাশ। তাই কোন নারী বা পুরুষরে জন্য এর কোনটি করা জায়যে নয়...”।[মাজমুউল ফাতাওয়া (১৩/৪১৪) থকেে সমাপ্ত]

আল্লাহই সর্বজ্ঞ।